58

দৈনিক ইত্তেফাক

তারিখ ••• JUL. 26 1999
পৃষ্ঠা ১ কলাম ৩

# চট্টগ্রাম সরকারী কলেজ ছাত্রাবাসে পুলিশের ব্যর্থ অভিযান

চট্টগ্রাম অফিস ॥ পুলিশী অভিযানের সংবাদ ফাঁস হইয়া যাওয়ায় গতকাল রবিবার সন্ধ্যায় চট্টগ্রাম সরকারী কলেজ ছাত্রাবাসে গোয়েন্দা ও থানা পুলিশের এক বিশেষ অভিযান ব্যর্থ হইয়া যায়। সন্ধ্যা সাড়ে ৮টার সময় শতাধিক পুলিশ কলেজ

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম সরকারী কলেজ

(প্রথম পৃষ্ঠার পর)

এলাকা ঘেরাও করিয়া ফেলে এবং ছাত্রাবাসে তল্লাশী চালায়। ঘন্টাকাল অভিযান শেষে পুলিশ খালি হাতে ফিরিয়া আসে।

গোয়েন্দা বিভাগ সূত্র জানায়, গত ২রা জুন সন্ত্রাসীদের হাতে নিহত সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার লিয়াকত আলী খান হত্যা মামলার আসামী কলেজ হোস্টেলে অবস্থান করিতেছে সংবাদের ভিত্তিতে এ অভিযান চালানো হয়। ছাত্র শিবির নিয়ন্ত্রিত চট্টগ্রাম কলেজের একটি সূত্র জানায়, পুলিশী অভিযানের কয়েক ঘন্টা পূর্বেই তাহারা সংবাদ পাইয়াছে।